



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

শরীয়তপুর সরকারি কলেজ, শরীয়তপুর।

✉ shariatpurgovtcollege1978@gmail.com

www.sgc.college.gov.bd



স্মারক নং-৩৭. ১০.৮৬৬৯.০০০.০০.০০০.২৬-১৩২০

তারিখ: ১০ মে ২০২৬খ্রি:

**দৈনিক মজুরি ভিত্তিক সাময়িক শ্রমিক নিয়োগ বিজ্ঞপ্তি**

অর্থ বিভাগের ১৫ এপ্রিল ২০২৫ তারিখের ০৭.০০.০০০০.০০০.১৭৩.৬৬.০০৫৯.১৫(অংশ-৩)-১০০ নং স্মারকের পরিশ্রেণিতে সরকারের মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/দপ্তর/রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠান/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের আওতায় দৈনিক ভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োজিতকরণ নীতিমালা-২০২৫ এর আওতায় শরীয়তপুর সরকারি কলেজে অফিস কক্ষ, অফিস এলাকা, ওয়াসকুমসহ পারিপার্শ্বিক এলাকা পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা ও কলেজ আঙ্গিনা ও মাঠে বৃক্ষ রোপন ও পরিচর্যাসহ নান্দনিকতা বৃদ্ধিসহ সার্বিক কর্মপর্যবেশ উন্নয়নের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে সম্পূর্ণ অস্থায়ীভাবে দৈনিক মজুরি ভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োগের জন্য যোগ্যতাসম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছে :

ক্রম নং	শ্রমিকের ক্যাটাগরি	শ্রমিকের সংখ্যা	দৈনিক মজুরি হার
০১	পরিচ্ছন্নতাকর্মী	০৩ (তিন)	৩০০ (তিনশত টাকা)
০২	মালি	০১ (এক)	৩০০ (তিনশত টাকা)

**শর্তাবলি :**

যোগ্যতাসম্পন্ন আয়তী প্রার্থীকে আবেদনপত্রে (ক) পদের নাম (খ) প্রার্থীর নাম (গ) পিতা/স্বামীর নাম (ঘ) মাতার নাম (ঙ) স্থায়ী ঠিকানা (চ) বর্তমান ঠিকানা (ছ) জন্ম তারিখ (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) বৈবাহিক অবস্থা (ট) শিক্ষাগত যোগ্যতা (ঠ) মোবাইল নম্বর ইত্যাদি সুস্পষ্টভাবে উল্লেখ করে আগামী ১৮-০৫-২০২৬ তারিখ বিকেল ০৪:০০ টার মধ্যে আবেদনপত্র ডাকযোগে অথবা সরাসরি প্রধান সহকারি, শরীয়তপুর সরকারি কলেজ বরাবরে পৌছাতে হবে।

০১। দৈনিক ভিত্তিতে নিয়োজিতকরণের ক্ষেত্রে সাময়িক শ্রমিকের যোগ্যতা নিম্নরূপ :

(ক) জনসূত্রে বাংলাদেশের নাগরিক হতে হবে।

(খ) আবেদনকারীর বয়স সর্বনিম্ন ১৮ বছর এবং সর্বোচ্চ ৫৮ বছর

(গ) শারীরিক ও মানসিকভাবে সক্ষম হতে হবে।

(ঘ) বয়সের প্রমাণস্বরূপ জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ।

(ঙ) সামাজিক আচরণ ও স্বভাব-চরিত্রে বিষয়ে সিটি কর্পোরেশন/পৌরসভার প্রশাসক বা চেয়ারম্যান বা কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত ইতিবাচক প্রত্যয়নপত্র।

(চ) সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।

০২। নির্ধারিত তারিখের পর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না এবং অসত্য/অসম্পূর্ণ/ভ্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

০৩। নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৪। কর্তৃপক্ষ যে কোন সময় এ নিয়োগ বাতিল করতে পারবে।



(প্রফেসর মোঃ স্বজনুল হক)

আইডি নং-১৯০২

অধ্যক্ষ

শরীয়তপুর সরকারি কলেজ, শরীয়তপুর।

মোবাইল : ০১৭১৬৯১৫০৪০

**বিতরণ :**

১। জেলা প্রশাসক, শরীয়তপুর (নিয়োগ বিজ্ঞপ্তি জেলা প্রশাসকের নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ)

২। উপজেলা নির্বাহী অফিসার, শরীয়তপুর (নিয়োগ বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ)

৩। প্রশাসক, শরীয়তপুর পৌরসভা, শরীয়তপুর (নিয়োগ বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ)

৪। সভাপতি শ্রেণিক্লাব, শরীয়তপুর

৫। শরীয়তপুর সরকারি কলেজের ওয়েবসাইট

৬। শরীয়তপুর সরকারি কলেজের নোটিশ বোর্ড

**অনুলিপি :** (প্রয়োজনীয় কার্যার্থে)

১। আহ্বায়ক, নিয়োগ কমিটি

২। অফিস কপি (সংরক্ষণের জন্য)